সংবাদ
বাংলাদেশের মুখপত্র



# সংবাদ » প্রথম পৃষ্ঠা

মাধ্যমিক পর্যায়ে

## ১৩০ শিক্ষা প্রতিষ্ঠানকে পাঠদানের অনুমোদন

সংবাদ : | নিজস্ব বার্তা পরিবেশক | ঢাকা , বৃহস্পতিবার, ১৭ মে ২০১৮

বর্তমানে দেশের বিপুলসংখ্যক স্কুল ও কলেজ প্রয়োজনীয় শিক্ষার্থী না পেলেও এবার মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমোদন দেয়া হয়েছে মোট ১৩০টি শিক্ষা প্রতিষ্ঠানকে। গত দু'দিনে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে এ অনুমোদন দেয়া হয়।

মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখার কর্মকর্তারা জানিয়েছেন, বিভিন্ন স্তরের প্রভাবশালী জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা ও কিছু কিছু ক্ষেত্রে অনৈতিক পন্থায় নতুন প্রতিষ্ঠান অনুমোদন পেয়েছে। এছাড়াও বিভিন্ন সময়ে শিক্ষার্থী ভর্তিতে জালিয়াতি ও দুর্নীতির কারণে বন্ধ করে দেয়া রাজধানীর বেশ কয়েকটি প্রতিষ্ঠান এবার ফের অনুমোদন পেয়েছে।

খোঁজ নিয়ে জানা গেছে, শিক্ষা মন্ত্রণালয়ের শীর্ষ ব্যক্তিরা গত বছর নীতিগত সিদ্ধান্ত নিয়েছিল, নতুন করে আর কোন স্কুল-কলেজের অনুমোদন দেয়া হবে না। এবার তারা নিজেদের সিদ্ধান্ত নিজেরাই ভঙ্গ করলেন।

গত ৬ মে প্রকাশিত এসএসসি ও সমমানের পরীক্ষার ফলাফলে দেখা গেছে, এবার ১০৯টি প্রতিষ্ঠানের কোন পরীক্ষার্থী পাস করতে পারেনি। ২০১৭ সালে এই সংখ্যা ছিল ৯৩টি।

গত ডিসেম্বরে প্রকাশিত অষ্টম শ্রেণীর জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও মাদ্রাসার জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি)

Share 0 Tweet G+ Share

LIVE MI Vs KXIP | RECENT RR Vs KKR | UPC IRE
MI Vs KXIP 50th Match at Mumbai, 1
MAN OF THE MATCH

JASPRIT BUMRAH
MI
KXIP 0 8 6 5 VS 0 8 6
(20 Overs) RR: 9.15 SCORECARD >
Top Players
Lokesh Rahul 94 (60) KA Pollard
AJ Finch 46 (35) Krunal Pa
Andrew Tye 4/16 Jasprit Bu
Ravichandran 2/18 MJ McCle
Mumbai XI won by 3 runs
SCORECARD COMMENTARY GRAPH M

### শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ



আজ ১৭ মে, আওয়ামী লীগ সভাপতি ও বর্ত প্রধানমন্ত্রী শেখ হাসিন স্বদেশ

### খালেদা জিয়ার জামিন বহাল কিন্তু মু পাচ্ছেন না

জিয়া এতিমখানা ট্রাস্ট দুর্নীতি মামলায় দণ্ডিত বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে দেয়া হাইকোর্টের

### নিখোঁজ চট্টগ্রামে প্রকৌশলী ঢাকায় ছাত্র

পুলিশের ধারণা জঙ্গিবাদে জড়িত

উগ্র জঙ্গিবাদে জড়িয়ে বাড়ি ছাড়ছে ধর্মান্ধ যুবকরা গত কয়েকদিনে বেশ কয়েকজন যুবকের

পরীক্ষার ফলাফলে দেখা গেছে, ৫৯টি প্রতিষ্ঠান থেকে কেউ পাস করেনি।

এছাড়াও গত বছর উচ্চ মাধ্যমিকে (এইচএসসি) সারাদেশের ১৩৫টি কলেজ ও মাদ্রাসায় কোন শিক্ষার্থী ভর্তি হয়নি, যার একটি অংশ এমপিওভুক্ত।আর এক হাজার ৩৮৩টি কলেজ ও মাদ্রাসায় দু'তিনজন করে শিক্ষার্থী ভর্তি হয়েছে।এগুলোর প্রায় অর্ধেকই এমপিওভুক্ত। রাজনৈতিক বিবেচনায় অনুমোদন পাওয়া এসব কলেজ এখন অস্তিত্ব সঙ্কটের মুখে রয়েছে।

এই অবস্থায় এবার আরও ১৩০টি স্কুল ও কলেজে পাঠদানের অনুমোদন দেয়ায় খোদ শিক্ষা বোর্ডগুলোর কর্মকর্তারাই অসন্তোষ প্রকাশ করেছেন।

ঢাকা বোর্ডের নিম্ন মাধ্যমিক স্কুল

ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে অনুমোদন পাওয়া প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে সাভারের মৈত্রী সংঘ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, রাজধানীর মোহাম্মদপুরে ফিরোজা বাশার আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মিরপুর ইংলিশ ভার্সন জুনিয়র স্কুল, উত্তরার ন্যাশনাল আইডিয়াল ও ট্রাস্ট কলেজ।

মানিকগঞ্জের সাটুরিয়ার ছনকা নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ও সদরের জাহিদ মালেক নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, গাজীপুর সদরের গ্লোরিয়াস মডেল কলেজ ও কালিয়াকৈরের রোজ গার্ডেন জুনিয়র স্কুল, টাঙ্গাইলের শফিপুরের মাগন্তিনগর নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ও ভুয়াপুরের বঙ্গবন্ধু ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, নারায়ণগঞ্জের সোনারগাঁও স্টার ফ্লাওয়ার এসআর হাইস্কুল ও বন্দর উপজেলার নাজিমুদ্দিন ফকির চান নিম্ন মাধ্যমিক বিদ্যালয়।

এছাড়া শরীয়তপুর সদরের কালেক্টরেট পাবলিক হাইস্কুল, মাদারীপুরের কালকিনি উপজেলার উত্তর রমজানপুর মডার্ন একাডেমি, ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ উপজেলার ইসলামিয়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ও রোকনপুর জুনিয়র হাইস্কুল এবং নরসিংদী সদরের ফেমাস ইনস্টিটিউট নিম্ন মাধ্যমিক বিদ্যালয়।

ঢাকা বোর্ডে মাধ্যমিক স্কুল

ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে মাধ্যমিক পর্যায়ের পাঠদানের অনুমতি পাওয়া প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে রাজধানীর বাড্ডায় মনপুরা জুনিয়র হাইস্কুল ও ন্যাশনাল ইনিশিয়াল স্কুল, কেরানীগঞ্জের ন্যাশনাল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, সাভারের পাড়াগ্রাম নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, উত্তরার শহীদ মডেল জুনিয়র স্কুল, নারায়ণগঞ্জের ফতুল্লার দেলপাড়া লিটল জিনিয়াস নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, রূপগঞ্জের আব্দুল হক ভূঞা

**৬৮ বছরে সংবাদ**

সংবাদ জাতীয়তাবাদ, অসাম্প্রদায়িক ও আদর্শবাদী সাংবাদিকতার মুখপত্র দৈনিক সংবাদ আজ ৬৮ বছরে পদার্পণ

ইডব্লিউজির মূল্যায়ন

**বিচ্ছিন্ন ঘটনা খুলনায় ভোটের ফলাফলে প্রভাব ফেলেনি**

খুলনা সিটি করপোরেশন নির্বাচনে বেশকিছু কেন্দ্রে সহিংসতা ও অনিয়মের চেষ্টা হলেও বিচ্ছিন্ন

**ভোট ডাকাতির অভিযোগ মঞ্জুর মিথ্যাচার : খালেক**

খুলনা সিটি নির্বাচনে 'ভোট ডাকাতি' হয়েছে বলে বিএনপির পরাজিত মেয়র প্রার্থী নজরুল

ভোট ডাকাতির অভিযোগ মঞ্জুর

**তিনি নির্বাচনের প্রধান ডাকাত, তার পাশে থাকার মানসিকতা আমার নেই**



খুলনা সিটি করপোরেশন নির্বাচনের পরাজিত প্রার্থী বিএনপি নেতা নজরুল ইসলাম মঞ্জু একশ

**খুলনায় নির্বাচনে অনিয়মে হতাশ যুক্ত**

খুলনা সিটি করপোরেশন নির্বাচনে 'অনিয়ম সহিংসতা'র খবরে হতাশা প্রকাশ করেছেন বাংলাদেশে

কোটা সংস্কার আন্দোলনকারী

**দুই নেতাকে হত্যার হুমকি ছাত্রলীগের**

জিডি নেয়নি থানা

কোটা সংস্কারের দাবিতে গড়ে ওঠা শিক্ষার্থীদে প্ল্যাটফর্ম বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ

**রোজা শুরু কাল থেকে**

১২ জুন লাইলাতুল কদর

বাংলাদেশের আকাশে কোথাও রমজান মাসের চাঁদ দেখা যায়নি।আগামীকাল থেকে শুরু হবে

**খুলনার নির্বাচনের ফলাফলে উজ্জীবিত গাজীপুর আ'লীগ**

ইন্টারন্যাশনাল জুনিয়র স্কুল ও হাজী ইয়াদ আলী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়।

গাজীপুরের কালিয়াকৈরে হলি চাইল্ড মডেল স্কুল, সদর উপজেলার আমবাগ ইউনিক জুনিয়র স্কুল, ইমপো অ্যাঞ্জেলস স্কুল ও দেওলিয়াবাড়ী আ ক ম মোজাম্মেল হক নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, টাঙ্গাইলের মধুপুরে শালিকা জাফর আলী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, সদর উপজেলার বালিয়াপাড়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, অলোয় বরটিয়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, গোপালগঞ্জে শহীদ শেখ ফজলুল হক মনি স্মৃতি উচ্চ বালিকা বিদ্যালয়, কিশোরগঞ্জের শিমলা বর্শিকুড়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, নরসিংদীর ফরিদা হাশেম ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজ, রাজবাড়ীর গোয়ালনন্দ উপজেলার মুক্তিযোদ্ধা ফকির আব্দুল জব্বার গার্লস স্কুল অ্যান্ড কলেজ, মুন্সীগঞ্জের দক্ষিণ চর মশুরা আদর্শ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়।

এছাড়াও ময়মনসিংহ সদর উপজেলার আইডিয়াল মডেল একাডেমি, ভালুকা উপজেলার সায়েদুর রহমান জুনিয়র স্কুল ও ত্রিশালের শুকতারা বিদ্যানিকেতন।

ঢাকা বোর্ডে কলেজ

উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি পাওয়া কলেজের মধ্যে রয়েছে ঢাকার কদমতলীর ব্রাইট স্কুল অ্যান্ড কলেজ, কদমতলীর মুরাদপুর আদর্শ হাইস্কুল ও মিরপুর পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, গাজীপুরের ভাওয়াল মির্জাপুর হাজী জমির উদ্দিন স্কুল অ্যান্ড কলেজ, কিশোরগঞ্জের অষ্টগ্রাম উপজেলার আব্দুল্লাহপুর ইদ্রিস আলী উচ্চ বিদ্যালয় ও ময়মনসিংহ সদরের শিরতা উচ্চ বিদ্যালয়।

এছাড়াও রাজশাহী, দিনাজপুর, সিলেট, চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল, যশোর শিক্ষা বোর্ডে নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান অনুমোদন দেয়া হয়েছে।

খুলনা সিটি করপোরেশন নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থী তালুকদার আবদুল খালেকের

স্বত্বাধিকার সংরক্ষিত

সম্পাদক - আলতামাশ কবির ।ভারপ্রাপ্ত সম্পাদক - খন্দকার মুনীরুজ্জামান । ব্যবস্থাপনা সম্পাদক - কাশেম হুমায়ুন । সম্পাদক কর্তৃক দি সংবাদ লিমিটেড -এর পক্ষে ৮৭, বিজয়নগর, ঢাকা থেকে মুদ্রিত এবং প্রকাশিত।
কার্যালয় : ৩৬, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
ফোন : ৯৫৬৭৫৫৭, ৯৫৫৭৩৯১।
কমার্শিয়াল ম্যানেজার : ৯৫৭৪৭২২
ফ্যাক্স : ৯৫৫৮৯০০ ।ই-মেইল : sangbaddesk@gmail.com

Design & Developed By : Sangbad IT.